

## অমর একুশে

মনে হয় যেন এইতো সেদিন  
সালাম, বরকত হাটছিলো মোদের এই আঙিনায়,  
সময়ের হাত ধরে, বিপ্লবী ভাষা সৈনিক,  
ঝাঁপিয়ে পড়েছিল ভাষা আন্দোলন সভায়।

তাঁরা প্রাণ দিয়েছিলো মুখের ভাষার তরে,  
তাঁরা প্রাণ দিয়েছিলো মাতৃভাষার তরে।

রক্ত দিয়ে জানিয়েছিল প্রতিবাদ,  
নিজেদের দিয়েছিলো বলিদান;  
তাইতো লেখা হয় আজো যুগেযুগে  
একুশের জয়গান।

এসো আজ একুশ স্মরণে,  
চলো কুড়াই বাংলা মায়ের  
ভাষার মানিক রতন,  
বুকে দোলা দেয় ভাষার চেতনা  
প্রাণে দোলা আনে সুরের মাতন।

একুশের ত্যাগ, মাতৃভাষার মর্মকথা  
আত্মা হৃদয় অনুভূতি যদি বুঝতে চাও;  
মনের মাঝে ধরো সুর আবার  
শুধু বাংলা ভাষার গান খানি গাও।

মন বলে;

এমন করে যেন বারবার ফিরে আসে  
মোদের "অমর একুশে",  
সবার মাঝে আবার হাত বাড়িয়ে  
আসবে সব ভাষা সৈনিক –  
সালাম বরকত বেশে।

যুগে যুগে জন্মাবে  
নতুন রফিক, শফিক. জব্বার, সালাম, বরকত  
তাঁদের নামে অনন্তকাল বাজবে -  
বিশ্বজোড়া নহবত।

ড: সেলিনা আহমেদ

১.২৫.২০১৭



অ  
ক  
এ  
ক  
খ

অমর

একুশে